

উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী
স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ
তারিখ : ১৭/০২/২০২১ খ্রি: সময় : ১২.৩০ ঘটিকা ।

অদ্য ১৭/০২/২০২২ তারিখ ১২.৩০ ঘটিকায় উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা স্থায়ী কমিটির সভা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, আড়াইহাজার, নারায়ণগঞ্জ মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হয় । উক্ত সভায় সভাপতিত্ব করেন বর্ণা রহমান, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর “ ক ”- তে দ্রষ্টব্য ।

সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং আলোচ্যসূচী সভায় উপস্থাপন করার জন্য সভাপতি মহোদয় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করেন ।

আলোচ্যসূচী :

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও আলোচনা ।
- ২। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর অর্থানের প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা ।
- ৩। ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক ভাষা দিবস/২০২২ পালন প্রসঙ্গে ।
- ৪। বিবিধ ।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় অবহিত করেন যে, ০১। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর অর্থানের প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা ০২। ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/২০২২ যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্য এবং তাৎপর্যপূর্ণ ভাবে পালনের আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ।

২নং আলোচনা ও সিদ্ধান্ত :

সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, মাধ্যমিক পর্যায়ে সহকারী শিক্ষকদের আইসিটি বিষয়ে দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণের জন্য ইউডিএফ সাথে সমন্বয় করে যথাযথভাবে প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানান ।

৩নং আলোচনা ও সিদ্ধান্ত :

সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/২০২২ যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্য ও তাৎপর্যপূর্ণভাবে স্ব-স্ব প্রতিষ্ঠানে উপস্থিত বক্তৃতা, কবিতা আবৃত্তি, রচনা প্রতিযোগিতা ও চিত্রাংকন প্রতিযোগিতা এবং সর্বশেষ আলোচনা সভার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানান ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সবার কাজ সমাপ্তি ঘোষণা করেন ।


(বর্ণা রহমান)


সভাপতি

উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা স্থায়ী কমিটি ও
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ ।

তারিখ: ১৭/০২/২০২২ খ্রি:

স্মারকনং-উমাশিঅ/আড়াই/নারা/শিক্ষা স্থায়ী কমিটি-২৫৮/২২/৪৭
অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :-

- ১। জনাব আলহাজ্ব নজরুল ইসলাম বাবু , মাননীয় জাতীয় সংসদ সদস্য, নারায়ণগঞ্জ -২
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ ।
- ৪। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি, মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা স্থায়ী কমিটি, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ
- ৫। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটিটর (ইউডিএফ), আড়াইহাজার, নারায়ণগঞ্জ ।
- ৬। অফিস কপি ।


(কে এম আলোমগীর)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা স্থায়ী কমিটি
আড়াইহাজার, নারায়ণগঞ্জ ।